

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৫৯

আগরতলা, ৪ মার্চ, ২০২৪

পালি ভাষা ও সাহিত্য-২০২৪  
কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে কর্মশালায় রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে লেঙ্গুছড়ার কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে ‘পালি ভাষা ও সাহিত্য-২০২৪’ নিয়ে অনুষ্ঠিত কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু পালি ও সংস্কৃত ভাষার গুরুত্ব তুলে ধরে বলেন, দক্ষিণ পূর্ব এশিয়ার অনেক ভাষার সঙ্গেই পালির মিল রয়েছে। রাজ্যপাল ত্রিপুরা থেকে আরও বেশী ছাত্রছাত্রীকে সংস্কৃত ভাষায় শিক্ষাদান করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার জন্য কেন্দ্রীয় সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান। কর্মশালায় এছাড়াও বক্তব্য রাখেন সংস্কৃত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শ্রীনিবাস ভাৰাখেদি। স্বাগত ভাষণ দেন একলব্য ক্যাম্পাসের অধিকর্তা অধ্যাপক প্রভাত কুমার মহাপাত্র। অনুষ্ঠানে এই কর্মশালায় অংশগ্রহণকারীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*